গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

স্মারক নং-এলজিইডি/সিই/পিইউ-৪৭(অংশ-১)/২০০৮/১২৫৩ তারিখঃ ২৯/১১/২০১৫ইং।

## অফিস আদেশ

বিষয়ঃ **এলজিইডি'র আওতাধীন কার্য এবং ভৌত সেবা ক্রয় সংক্রান্ত দরপত্র উন্মুক্তকরণের জন্য "দরপত্র উন্মুক্তকরণ কমিটি" এবং দরপত্র মূল্যায়নের জন্য "দরপত্র মূল্যায়ন কমিটি" পুনর্গঠন প্রসংগে।**

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এর আওতায় বিভিন্ন উন্নয়ন প্রকল্প খাতে কার্য এবং ভৌত সেবা ক্রয় সংক্রান্ত দরপত্র উন্মুক্তকরণ এবং দরপত্র মূল্যায়নের জন্য পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭ ও বিধি ৮ অনুযায়ী নিম্নরূপ "দরপত্র উন্মুক্তকরণ কমিটি" এবং "দরপত্র মূল্যায়ন কমিটি" পুনর্গঠন করা হলো। অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ১৬/০৮/২০১৫ইং তারিখের আর্থিক ক্ষমতা অর্পণ সংক্রান্ত আদেশের প্রেক্ষিতে ইতোপূর্বে জারিকৃত এ সংক্রান্ত সকল অফিস আদেশ বাতিল করা হলো। উল্লেখ্য যে, স্থানীয় সরকার বিভাগের ০৮/০২/২০১৫ইং তারিখের ৪৬.০৬৮.০১০.০০.০০.০০৮.১৯৯১-১৮৪ নং স্মারকে মন্ত্রণালয় বা তদূর্ধ পর্যায়ের অনুমোদনের ক্ষেত্রে নিম্নোক্ত মূল্যায়ন কমিটির কাঠামো অনুমোদিত হয়েছে।

**দরপত্র উন্মুক্তকরণ কমিটিঃ (৩০.০ কোটি টাকার অধিক)**

| | | |
|---|---|---|
| ১। | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট জেলা। | চেয়ারম্যান |
| ২। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সদর উপজেলা, সংশ্লিষ্ট জেলা।<br>(অবর্তমানে নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, আঞ্চলিক তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়, সংশ্লিষ্ট অঞ্চল) | সদস্য |
| ৩। | সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট জেলা।<br>(জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রাপ্তি সাপেক্ষে) | সদস্য সচিব |

**দরপত্র মূল্যায়ন কমিটিঃ (৩০.০ কোটি টাকার অধিক)**

| | | |
|---|---|---|
| ১। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা। | চেয়ারম্যান |
| ২। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রকল্প মনিটরিং ও মূল্যায়ন), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা। | সদস্য |
| ৩। | স্থানীয় সরকার বিভাগের একজন প্রতিনিধি। | সদস্য |
| ৪। | সড়ক ও জনপথ অধিদপ্তর এর একজন প্রতিনিধি। | সদস্য |
| ৫। | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর একজন প্রতিনিধি। | সদস্য |
| ৬। | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট জেলা। | সদস্য |
| ৭। | প্রকল্প পরিচালক, এলজিইডি, সংশ্লিষ্ট প্রকল্প | সদস্য সচিব |

**কর্মপরিধিঃ**

(১) দরপত্র পরীক্ষা ও মূল্যায়ন করবে;
(২) সুপারিশসহ মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করবে;
(৩) মূল্যায়ন প্রতিবেদন বিধি-৩৬ মোতাবেক অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবে;
(৪) Pre-qualification Applications মূল্যায়নপূর্বক সুপারিশসহ বিধি মোতাবেক যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবে।

মূল্যায়ন কমিটির চেয়ারম্যানের সাথে পরামর্শক্রমে সদস্য সচিব প্রতিটি কাজের জন্য সংযুক্ত তালিকা হতে সড়ক ও জনপথ অধিদপ্তর এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের একজন প্রতিনিধিকে (প্রাপ্যতাসাপেক্ষে) আমন্ত্রণ জানাবে। এছাড়া স্থানীয় সরকার বিভাগের প্রতিনিধি মনোনয়নের জন্য 'উন্নয়ন অনুবিভাগ' সংশ্লিষ্ট প্রকল্পের ক্ষেত্রে উন্নয়ন অনুবিভাগ প্রধান এবং 'নগর উন্নয়ন অনুবিভাগ' সংশ্লিষ্ট প্রকল্পের ক্ষেত্রে নগর উন্নয়ন অনুবিভাগ প্রধানের নিকট সভার পত্র প্রেরণ করতে হবে।

২৯/১১/২০১৫
(শ্যামা প্রসাদ অধিকারী)
প্রধান প্রকৌশলী
ফোনঃ ৯১২৪০২৭
ই-মেইলঃ ce@lged.gov.bd

অনুলিপিঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
৩। মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা।
৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি,......................... অঞ্চল, জেলাঃ......................... ।
৭। প্রকল্প পরিচালক (সকল)................................................... এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৮। নির্বাহী প্রকৌশলী (সকল), এলজিইডি, জেলাঃ ......................................... ।
৯। জনাব ...................................................................................................... ।

D:\e-GP Letter\e-GP Letter (Proposed 28-11-15).doc